

১৫/০৫/২০০২

তারিখ
গৃহীত

AUG 05 2002

ময়মনসিংহে ১ কেজি হেরোইনসহ মাদ্রাসা শিক্ষক আটক

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ৷
রবিবার দুপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ময়মনসিংহ অঞ্চলের একটি বিশেষ দল
শহরের সাহেব আলী রোডে এক মাদ্রাসা
শিক্ষকের নিকট থেকে ১ কেজি হেরোইন
উদ্ধার করেছে। স্থানীয় মাদকদ্রব্য অফিস
জানায়, জেলার হালুয়াঘাট উপজেলার
মাঝিয়ালী গ্রামের মাদ্রাসা শিক্ষক ক্বারী মোঃ
কুদরত উল্লাহ (৩৫) ও শফিকুল ইসলাম
হালুয়াঘাট থেকে হেরোইন বিক্রির জন্য
ময়মনসিংহ শহরে আসে। এ সময় উক্ত দল ১
কেজি হেরোইনসহ কুদরত উল্লাহকে আটক
করলেও শফিকুল ইসলাম পালিয়ে যায়।
কুদরত উল্লাহ হালুয়াঘাটের মাঝিয়ালী জামিয়া
হোসেনিয়া দারুল উলুম মাদ্রাসার শিক্ষক এবং
স্থানীয় জামায়াতে ইসলামীর রোকন বলে
জানায়। থানায় মামলা হয়েছে।